অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/18/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, চ্যান জুকারবার্গের ইনিশিয়েটিভটি নিউ ইয়র্ক সিটিতে নতুন বায়োমেডিক্যাল রিসার্চ হাব প্রতিষ্ঠার জন্য প্রায় 300 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

নতুন রিসার্চ হাবটি প্রাথমিক রোগ প্রতিরোধ, শনাক্তকরণ এবং চিকিৎসার জন্য ইঞ্জিনিয়ার ইমিউন সেলের জন্য শীর্ষস্থানীয় প্রতিষ্ঠানগুলোকে একত্রিত করে

নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেট প্রতিটি নতুন স্থাপনার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলারের অবদান রাখছে

গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস এবং চ্যান জুকারবার্গ ইনিশিয়েটিভ আজ চ্যান জুকারবার্গ বায়োহাব নিউ ইয়র্কের জন্য একটি পরিকল্পনা ঘোষণা করেছে যেটি নিউ ইয়র্ক সিটিতে একটি নতুন বায়োমেডিক্যাল রিসার্চ হাব যা শীর্ষস্থানীয় গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে সহযোগিতা পরিচালনা এবং কার্যকরী বৈজ্ঞানিক সমস্যাগুলো সমাধান করতে প্রায় 300 মিলিয়ন মার্কিন ডলারের পাবলিক-প্রাইভেট বিনিয়োগ নিশ্চিত করবে। প্রাথমিক রোগ প্রতিরোধ, শনাক্তকরণ এবং চিকিৎসার উপর মনোনিবেশ করার জন্য CZ বায়োহাব NY কলম্বিয়া ইউনিভার্সিটি, দ্য রকফেলার ইউনিভার্সিটি এবং ইয়েল ইউনিভার্সিটির বিশেষজ্ঞদের একত্রিত করবে — বিশেষ করে ডিম্বাশয় ও অগ্ন্যাশয়ের ক্যান্সার এবং পারকিনসন ও আলঝেইমারের মতো নিউরোডিজেনারেটিভ রোগের ক্ষেত্রে — এবং নিউ ইয়র্ক সিটির একটি প্রধান কর্মসংস্থান সৃষ্টিকারী ও অর্থনৈতিক চালিকা শক্তি হিসেবে নিউ ইয়র্ক সিটির সমৃদ্ধ জীব বিজ্ঞান সেক্টরকে আরো এগিয়ে নিয়ে যায়।

“একটি বিশ্ব-মানের অনুষদ, অত্যাধুনিক রিচার্স এবং উদ্ভাবনের ক্ষেত্রে একটি সময়-উপযোগী মডেল অনুযায়ী চ্যান জুকারবার্গ বায়োহাব আমাদের নিউ ইয়র্কে ওষুধ শিল্পের ভবিষ্যত গড়ে তুলতে সাহায্য করবে,” **গভর্নর হোকল বলেন।** “এই নতুন বায়োহাবটি প্রাথমিক রোগ প্রতিরোধ, শনাক্তকরণ এবং চিকিৎসা জগতে সম্ভাবনার একটি দ্বার উন্মোচন করবে এবং এই বিনিয়োগ ও মেয়র অ্যাডামস ও চ্যান জুকারবার্গ ইনিশিয়েটিভে আমাদের অংশীদারিত্বের জন্য ধন্যবাদ, আমাদের স্টেট পরবর্তী বৃহৎ চিকিৎসা বিষয়ক সাফল্য অর্জনের আরো এক ধাপ কাছাকাছি।”

চ্যান জুকারবার্গ ইনিশিয়েটিভ নতুন হাবটিতে 250 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। নিউ ইয়র্ক সিটি ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন (New York City Economic Development Corporation, NYCEDC) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development,

ESD) প্রত্যেকে 10 মিলিয়ন মার্কিন ডলারের অবদান রাখবে। নিউ ইয়র্ক সিটি মেট্রো এলাকা হলো দেশের শীর্ষস্থানীয় আঞ্চলিক জীব বিজ্ঞান ভিত্তিক হাব যেখানে প্রায় 150,000টি কর্মসংস্থান এবং 5,100টি ব্যবসা গত বছরে 23 বিলিয়ন মার্কিন ডলারের মজুরি নিশ্চিত করেছে।

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "নিউ ইয়র্ক সিটির অতুলনীয় বৈচিত্র্য, সমৃদ্ধিশীল উদ্ভাবনমূলক ইকোসিস্টেম এবং বিশ্ব-মানের গবেষণা প্রতিষ্ঠান আমাদের জীব বিজ্ঞানের একটি পাওয়ার হাউসে পরিণত করেছে। এবং সিটি গভার্নমেন্ট, স্টেট গভার্নমেন্ট, বেসরকারি খাত এবং শীর্ষস্থানীয় ইউনিভার্সিটিগুলোর মধ্যে দৃঢ় অংশীদারিত্ব আমাদেরকে দেশের শীর্ষ স্থান ধরে রাখতে সাহায্য করেছে। চ্যান জুকারবার্গ ইনিশিয়েটিভ, গভর্নর হোকল এবং তিনটি শীর্ষ-স্থানীয় অ্যাকাডেমিক প্রতিষ্ঠানে এই প্রায় 300 মিলিয়ন মার্কিন ডলারের যৌথ প্রচেষ্টার জন্য ধন্যবাদ, নতুন চ্যান জুকারবার্গ বায়োহাব নিউ ইয়র্ক বায়োমেডিক্যাল বিষয়ক প্রতিবন্ধকতাগুলো দূর করবে — কারণ নিউ ইয়র্ক সিটি একটি স্বাস্থ্যকর বিশ্ব গড়ে তোলার জন্য তার কার্যক্রম চালিয়ে যাচ্ছে।"

CZI-এর সহ-প্রতিষ্ঠাতা এবং Co-CEO প্রিসিলা চ্যান বলেন, "নিউ ইয়র্ক বায়োহাবটি চালু করতে পেরে আমরা উচ্ছ্বসিত যেটি আমাদের রোগ প্রতিরোধ সক্ষমতাকে শনাক্ত করতে, প্রতিরোধ করতে এবং রোগব্যাধি সর্বশেষ পর্যায়ে পৌঁছানোর আগে চিকিৎসা করার উপর জোর দেবে। এই মুহূর্তে, ক্যান্সার এবং পারকিনসন্সের মতো রোগগুলো প্রায়শই সুস্পষ্ট লক্ষণগুলো প্রকাশের পরে নির্ণয় করা হয় যা চিকিৎসা করা কঠিন বা এমনকি অসম্ভব করে তোলে। এটি সম্ভব করার জন্য, নিউ ইয়র্ক বায়োহাবের গবেষক এবং প্রকৌশলীগণ আমাদের কোষগুলোর ক্ষতির আগে এটিকে গুরুতর অসুস্থতার দিকে নিয়ে যাওয়ার আগে স্কাউট, রিপোর্ট এবং নিরাময় করতে ইমিউন কোষগুলোকে বায়োইঞ্জিনিয়ার কার্যক্রম সম্পন্ন করবেন। উচ্চাভিলাষী চ্যালেঞ্জগুলো মোকাবেলা করা, যেমন- রোগব্যাধি আগে শনাক্ত করা যখন আমাদের চিকিৎসাজনিত বিকল্পগুলো আরো উন্নত হয়, বায়োহাব নেটওয়ার্ক জুড়ে আমাদের কাজকে সহায়তা করে এবং আমরা নিউ ইয়র্ক বায়োহাবের মাধ্যমে এই সহযোগিতামূলক গবেষণা মডেলটি পরিচালনা করা চালিয়ে যেতে পেরে উচ্ছ্বসিত।"

CZ বায়োহাব NY হলো চ্যান জুকারবার্গ বায়োহাব নেটওয়ার্কের, চতুর্থ এবং নতুন গবেষণা প্রতিষ্ঠান যেটি বৈজ্ঞানিক গবেষণার ক্ষেত্রে একটি যুগান্তকারী সহযোগিতামূলক মডেল। নেটওয়ার্কের মধ্যে রয়েছে প্রথম CZ বায়োহাব যা সান ফ্রান্সিসকোতে, দ্বিতীয়টি শিকাগোতে এবং ক্যালিফোর্নিয়ার রেডউড সিটিতে চ্যান জুকারবার্গ ইনস্টিটিউট ফর অ্যাডভান্সড বায়োলজিক্যাল ইমেজিং।

কলাম্বিয়া ইউনিভার্সিটির অধ্যাপক আন্দ্রেয়া ক্যালিফানোর নেতৃত্বে, CZ বায়োহাব NY রোগ-নির্দিষ্ট "সেলুলার এন্ডোস্কোপ (Cellular Endoscopes)" প্রতিষ্ঠার লক্ষ্যে রোগ প্রতিরোধক কোষের বৈশিষ্ট্য এবং বায়োইঞ্জিনিয়ার কার্যক্রম সম্পন্ন করার জন্য নতুন প্রযুক্তি তৈরির উপর ফোকাস করবে যা কোষে রোগের প্রাথমিক পর্যায় শনাক্ত করতে পারে, কোষের পরিবর্তনগুলো নিরীক্ষণ করতে পারে এবং রোগব্যাধি চিকিৎসার অযোগ্য হওয়ার আগে নিরাময় করতে পারে। হাবটি এই অভিনব, প্রযুক্তি-পরিচালিত পন্থাগুলোকে ডিম্বাশয় এবং অগ্ন্যাশয়ের ক্যান্সারের মতো ক্যান্সার শনাক্ত করতে এবং পারকিনসন ও আলঝাইমার সহ নিউরোডিজেনারেটিভ রোগের ক্ষেত্রে প্রয়োগ করবে। পরবর্তী পদক্ষেপটি কাঙ্খিত নিরাময় করার জন্য ইমিউন সংশ্লিষ্ট কোষকে আরো

সুক্ষ্ম করা, যেমন- একটি শক্তিশালী ইমিউন ব্যবস্থা সক্রিয় করার জন্য টিউমার সাইটে প্রদাহ কমানো।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার হোপ নাইট বলেন, "পরবর্তী CZ বায়োহাব হিসেবে নিউ ইয়র্ককে নির্বাচন করাটা প্রমাণ করে যে গভর্নর হোকলের নেতৃত্বে জীব বিজ্ঞানে কাঙ্খিত বিনিয়োগ কাজ করছে। CZ বায়োহাব নেটওয়ার্কের অংশ হওয়া নিউ ইয়র্কের গবেষণা কমিউনিটির জন্য অবিশ্বাস্য সুযোগ তৈরি করবে এবং স্টেট জুড়ে দৃঢ় প্রভাব ফেলবে, নিউ ইয়র্ককে আরো শক্তিশালী অর্থনৈতিক কেন্দ্রবিন্দু এবং জীব বিজ্ঞান বিষয়ক অনুবাদ ও উদ্ভাবনের ক্ষেত্রে একটি বৈশ্বিক গন্তব্য হিসেবে আরো শক্তিশালী করবে।"

স্টেটের হেলথ কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস ওষুধ শিল্পের ভবিষ্যত উন্নত করা এবং স্টেট জুড়ে জনস্বাস্থ্যের উন্নতি করার ক্ষেত্রে বিনিয়োগের প্রতি অটল প্রতিশ্রুতির জন্য আমি তাদেরকে ধন্যবাদ জানাই। নিউ ইয়র্কের এই নতুন অত্যাধুনিক বায়োহাবটি প্রাথমিক রোগ প্রতিরোধ, শনাক্তকরণ এবং চিকিৎসা জগতে আমাদের সক্ষমতাকে সম্প্রসারিত করবে।"

স্টেট সিনেটর টবি স্ট্যাভিস্কি বলেন, "আমি বেশ উচ্ছ্বসিত কারণ চ্যান জুকারবার্গ ইনিশিয়েটিভ থেকে গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস এই অর্থায়ন নিশ্চিত করেছেন। আমি দীর্ঘদিন ধরে নিউ ইয়র্কে কর্মসংস্থান সৃষ্টি এবং বিনিয়োগ সুবিধা বয়ে আনতে সরকারি/বেসরকারি অংশীদারিত্ব তৈরির গুরুত্বারোপ প্রকাশ করেছি। একটি বায়ো হাব প্রতিষ্ঠা করার জন্য CZI-এর উদার স্টার্ট-আপ অনুদানও আমাদের স্টেটে থাকা অসাধারণ ইউনিভার্সিটিগুলোর একটি স্বীকৃতি। আমি আমাদের উচ্চ শিক্ষা ব্যবস্থায় বিনিয়োগ করার জন্য গভর্নর এবং মেয়র উভয়ের সাথে কাজটি চালিয়ে যাওয়ার জন্য মুখিয়ে আছি।"

অ্যাসেম্বলি মেম্বার প্যাট্রিসিয়া ফাহি বলেন, "গত কয়েক বছরে 17টিরও বেশি নতুন জীব বিজ্ঞান সংশ্লিষ্ট কোম্পানি নিউ ইয়র্ক স্টেটকে নিজেদের কেন্দ্রবিন্দু হিসেবে প্রতিষ্ঠা করেছে এবং আমরা নিউ ইয়র্ক সিটি থেকে অ্যালবানি পর্যন্ত জীব বিজ্ঞান ক্ষেত্রের জন্য জাতীয় পর্যায়ের নেতা এবং ইনকিউবেটর হিসেবে অত্যান্ত ধারাবাহিক রয়েছি। আমাদের নতুন বায়োমেডিক্যাল লাইফ সায়েন্স রিসার্চ হাবটি, CZ বায়োহাব NY, প্রারম্ভিক রোগ প্রতিরোধ, শনাক্তকরণ এবং চিকিৎসার উপর ফোকাস করবে—যা জীবন বাঁচাবে এবং আমাদের জীবদ্দশায় যুগান্তকারী চিকিৎসাজনিত সাফল্য বয়ে আনবে। আমি গভর্নর হোকল, মেয়র অ্যাডামস এবং চ্যান জুকারবার্গ ইনিশিয়েটিভকে নিউ ইয়র্কের জীব বিজ্ঞান সেক্টরের ক্রমবর্ধমান প্রতিশ্রুতি এবং এই রিসার্স হাবে তাদের সম্মিলিত অংশীদারিত্বের জন্য সাধুবাদ জানাই যা শেষ পর্যন্ত আগামী বছরগুলোতে নিউ ইয়র্কবাসী এবং আমেরিকানদের গুরুত্বপূর্ণ ফলাফল নিশ্চিত করবে।"

CZI-এর সহ-প্রতিষ্ঠাতা এবং সহ-প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক জুকারবার্গ বলেন, "এই বিজ্ঞানীগণ যে জরুরি বৈজ্ঞানিক বার্তাটি অনুসরণ করতে চলেছেন তা হলো সেলুলার ইঞ্জিনিয়ারিং — নির্দিষ্ট রোগ শনাক্ত করতে ইমিউন কোষগুলোকে পরিচালিত করা এবং তারপর অবশেষে তাদের আণবিক মেক-আপ এনকোড করা যাতে বিজ্ঞানীগণ এটিকে একটি ডায়াগনস্টিক হিসেবে ব্যবহার করতে পারেন এবং চূড়ান্তভাবে, তারা কোষগুলোকে একটি

রোগের অবস্থায় নিয়ে যেতে এবং এটির চিকিৎসা করতে সহায়তা করতে পারে। মূল লক্ষ্যটি হলো একটি নির্দিষ্ট রোগের পিছনে না ছুটে – এটি একটি নতুন টুল বা প্ল্যাটফর্ম প্রতিষ্ঠা করা যা সমস্ত বিজ্ঞানীগণ গবেষণা করতে এবং আরো নির্দিষ্ট অগ্রগতি অর্জনে ব্যবহার করতে পারেন।"

CZ বায়োহাব নিউ ইয়র্কের 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সায়েন্স ইনিশিয়েটিভের মাধ্যমে এই সেক্টরের উন্নতি এবং আধুনিকীকরণের জন্য স্টেট ব্যাপী প্রচেষ্টার উপর ভিত্তি করে প্রতিষ্ঠা করা। গত বছর, গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস ম্যানহাটনের ইস্ট সাইডে SPARC কিপস বে, স্বাস্থ্য ও জীব বিজ্ঞানে উদ্ভাবনের জন্য এই জগতের প্রথম কর্মসংস্থান এবং শিক্ষা কেন্দ্রের পরিকল্পনা উন্মোচন করেছিলেন। গভর্নর হোকল ওয়েস্ট হার্লেমের পূর্বেকার টেস্টি বেকারি সাইটের 700 মিলিয়ন মার্কিন ডলারের আধুনিকায়নকে টেস্টি ল্যাব বিল্ডিং-এ উন্মোচন করেছেন যেটি একটি ক্লাস A, LEED-সনদপ্রাপ্ত বিল্ডিং যার উদ্দেশ্য-জীব বিজ্ঞান সংশ্লিষ্ট কোম্পানিগুলোর জন্য কাজ করা৷ এই বছরের শুরুর দিকে, গভর্নর অতিরিক্তভাবে শ্রোডিঙ্গার, ইনকর্পোরেটেড-এর 7.6 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রসারণ ঘোষণা করেছিলেন যার পদার্থবিদ্যা-ভিত্তিক গণনামূলক প্ল্যাটফর্মটি টেস্টি ল্যাব বিল্ডিং-এ থেরাপিউটিকস এবং উপকরণগুলো আবিষ্কারের উপায়কে আধুনিক করছে যা অন্তত 80টি নতুন কর্মসংস্থান সৃষ্টি করছে। মার্চ মাসে, গভর্নর মিডটাউন ম্যানহাটনে 50 মিলিয়ন ডলারের “ল্যাব অব দ্য ফিউচার” পরিকল্পনার কথা ঘোষণা করেন, যা প্রি-ক্লিনিক্যাল ওষুধ আবিষ্কারের প্রক্রিয়াকে দ্রুততর, আরো বেশি ডাটাভিত্তিক ও ব্যয়-সাশ্রয়ী করে তোলার জন্য অটোমেশন, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স এবং মেশিন লার্নিংকে কাজে লাগাবে।

নিউ ইয়র্ক সিটি হলো জীব বিজ্ঞান গবেষণার একটি গুরুত্বপূর্ণ কেন্দ্রবিন্দু যেখানে নয়টি মূল গবেষণা কেন্দ্র এবং মোট 100টিরও বেশি গবেষণা কেন্দ্র, 50টিরও বেশি হাসপাতাল, একটি অত্যন্ত প্রতিভাবান এবং বৈচিত্র্যময় কর্মীবাহিনী ও শিল্পটির শীর্ষস্থানীয় কোম্পানি রয়েছে। LifeSci NYC, NYCEDC-এর 1 বিলিয়ন মার্কিন ডলারের ইনিশিয়েটিভের মাধ্যমে, নিউ ইয়র্ক সিটি 1,000টি কোম্পানি এবং 40,000টি কর্মসংস্থান সৃষ্টি করার, 10 মিলিয়ন বর্গফুটের আর্দ্র- এবং শুষ্ক-ল্যাব রিয়েল এস্টেট উন্মোচন করার এবং আগামী 15 বছরে অর্থনৈতিক ক্ষেত্রে কয়েক বিলিয়ন ডলার নিশ্চিত করার ক্ষেত্রে সঠিক পথেই রয়েছে। দায়িত্ব নেওয়ার পর থেকে, মেয়র অ্যাডামস সিটি কলেজ অব নিউ ইয়র্ক (City College of New York) এবং মাউন্ট সিনাই হেলথ সিস্টেম (Mount Sinai Health System)-এর জীব বিজ্ঞানের নতুন স্থাপনার জন্য 27 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছেন, ব্রুকলিন নেভি ইয়ার্ড (Brooklyn Navy Yard)-এ স্থায়িত্ব-কেন্দ্রিক বায়োটেকের জন্য একটি নতুন কেন্দ্রে 20 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছেন এবং ম্যানহাটনের ওয়েস্ট সাইডে সেন্টার ফর ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্রিসিশন মেডিসিন (Center for Engineering and Precision Medicine)-এ রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (Rensselaer Polytechnic Institute) এবং আইকান স্কুল অব মেডিসিন অ্যাট মাউন্ট সিনাই (Icahn School of Medicine at Mount Sinai) খোলার জন্য সহায়তা করেছেন। জীব বিজ্ঞানে বিনিয়োগ করা একটি গুরুত্বপূর্ণ সুপারিশ ছিল “নিউ’ নিউ ইয়র্ক” প্যানেল যা এই বছরের শুরুর দিকে গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস আবেদন করেছিলেন যাতে নিউ ইয়র্ক সিটিকে কাজের জন্য সেরা জায়গা এবং সিটির ভবিষ্যতের রোডম্যাপ হিসেবে পরিবেশন করা যায়।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন